



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University

জগন্নাথ বিশ্ববিদ্যালয় ৬ষ্ঠ আন্তঃবিভাগ ক্রিকেট প্রতিযোগিতার উদ্বোধন



৭ নভেম্বর, ২০১৯-বৃহস্পতিবার ক্রীড়া উপ-কমিটি (ক্রিকেট), জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আয়োজনে ৬ষ্ঠ আন্তঃবিভাগ ক্রিকেট প্রতিযোগিতা ২০১৯-২০ এর উদ্বোধনী অনুষ্ঠান বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে (ধুপখোলা মাঠ) অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

ক্রীড়া উপ-কমিটি (ক্রিকেট), জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আহবায়ক অধ্যাপক ড. শামীমা বেগমের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ক্রীড়া কমিটির আহবায়ক অধ্যাপক ড. মোহাঃ আলী নূর। এসময় জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. দিপীকা রানী সরকার, মাইক্রোবায়োলজি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোঃ জাকারিয়া মিয়া, প্রক্টর ড. মোস্তফা কামাল সহ বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষিকা এবং প্রতিযোগিতায় অংশগ্রহনকারী শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।